

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস্ লিমিটেড এর ৫৫তম বিওডি সভা অনুষ্ঠিত হয়।

গত ০২ নভেম্বর ২০২৪ তারিখে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস্ লিমিটেড (ডিইডব্লিউ লিঃ) নারায়ণগঞ্জ এর 'বোর্ড অব ডিরেক্টরস (বিওডি)'-এর ৫৫তম সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করেন ডিইডব্লিউ লিঃ এর বিওডি চেয়ারম্যান মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল এম নাজমুল হাসান, ওএসপি, এনপিপি, এনডিসি, এনসিসি, পিএসসি। এছাড়াও উক্ত সভায় বিওডি এর সকল সদস্যসহ ডিইডব্লিউ লিঃ এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় প্রতিষ্ঠানটিকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে মাননীয় নৌবাহিনী প্রধানের দিক নির্দেশনায় ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড এর পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২৪-২০২৮) গৃহীত হয়েছে।

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস্ লিমিটেড বাংলাদেশের সবচেয়ে প্রাচীন জাহাজ নির্মাণ কোম্পানি। এটি ১৯২৬ সালে প্রতিষ্ঠিত হয় এবং স্বাধীনতার পর ১৯৮৯ সালে প্রতিষ্ঠানটির আধুনিকায়ন করা হয়। তবে নানাবিধ কারণে সরকারি প্রতিষ্ঠানটির উন্নয়ন বাধাপ্রাপ্ত হয়। ফলে ২০০২ সালে এটি বন্ধ করে দেওয়া হয়। পরবর্তীতে ২০০৬ সালে বাংলাদেশ নৌবাহিনীকে ডকইয়ার্ডটি পরিচালনার দায়িত্ব দেওয়া হয়। বাংলাদেশ নৌবাহিনীর দক্ষ নেতৃত্বে প্রতিষ্ঠানটি রুগ্ন অবস্থা থেকে বর্তমানে দেশের একটি অন্যতম লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। নৌবাহিনী প্রধানের নির্দেশনা বাস্তবায়নের মাধ্যমে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস্ লিমিটেড অটোমেশন সুবিধা সম্পন্ন স্মার্ট অত্যাধুনিক ও 'গ্রীন' শিপইয়ার্ডে রূপান্তরিত হবে বলে সকলে আশাবাদী। ফলে, দেশীয় প্রযুক্তি এবং জনশক্তি ব্যবহারের মাধ্যমে আন্তর্জাতিক মানের জাহাজ নির্মাণ শিল্পে বাংলাদেশ আরও এক ধাপ এগিয়ে যাবে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।